# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০১৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

بَابٌ فِى الْهِبَةِ وَالْهَدِيَّةِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ عُرِضَ عَلَيْهِ رَيْحَانٌ فَلَا يَرُدُّهُ فَإِنَّهُ خَفِيفُ الْمَحْمَلِ طَيِّبُ الرِّيحِ» . رَوَاهُ مُسلم

বাংলা

৩০১৬-[১] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তিকে সুগন্ধি দান করা হয়, সে যেন তা ফিরিয়ে না দেয়। কেননা, এটা ওযনে হালকা, অথচ সুঘ্রাণযুক্ত। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২২৫৩, শারহুস্ সুন্নাহ্ ৩১৭২, সহীহ আল জামি‘ ৬৩৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الرَّيْحَانٌ) ভাষাবিদ এবং হাদীসের অপরিচিত শব্দ সম্পর্কে জ্ঞাত ব্যক্তিরা এ হাদীসের ব্যাখ্যায় বলেন, (رَيْحَانٌ) প্রত্যেক সুগন্ধিময় জাতীয় উদ্ভিদ।

মুসলিম-এর ব্যাখ্যাকার বলেনঃ আমরা যা উল্লেখ করেছি তা বর্ণনার পর কাযী ‘ইয়ায বলেন, এ হাদীস দ্বারা আমার কাছে সকল ধরনের সুগন্ধি উদ্দেশ্য হওয়ার সম্ভাবনা রাখছে। এ হাদীসের ক্ষেত্রে আবূ দাঊদ-এর বর্ণনাতে (مَنْ عُرِضَ عَلَيْهِ طِيبٌ) অর্থাৎ- ‘‘যার কাছে সুগন্ধি উপস্থাপন করা হবে’’। আর সহীহুল বুখারীতে এসেছে, (كَانَ النَّبِيُّ ﷺ لَا يَرُدُّ الطِّيبَ) ‘‘নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুগন্ধি ফেরত দিতেন না’’। এ হাদীসটিতে আছে- যার কাছে সুগন্ধি উপস্থাপন করা হবে বিনা আপত্তিতে তা ফেরত দেয়া অপছন্দনীয়।

كَانَ بْنُ عُمَرَ اِذَا اِسْتَجْمَرَ اِسْتِجْمَرَ بِأَلُوَةِ غَيْرَ مُطَرَّاةٍ أَوْ بِكَافُورٍ يَطْرَحُه مَعَ الْأَلُوَّةِ ثُمَّ قَالَ هٰكَذَا كَانَ يَسْتَجْمِرُ) (رَسُوْلُ اللّٰهِ ﷺ) এখানে استجمر বলতে সুগন্ধি ব্যবহার করা, গ্রহণ করা বুঝানো হয়েছে। (শারহে মুসলিম ১৪/১৫শ খন্ড, হাঃ ২২৫৩)

মিরকাতুল মাফাতীহে এসেছে, (خَفِيفُ الْمَحْمَلِ) অর্থাৎ- বহন করা কঠিন নয়। (طَيِّبُ الرِّيْحِ) কেননা এ থেকে জান্নাতের সুগন্ধি শোকা যায়। আর বর্ণিত হয়েছে, নিশ্চয় তা জান্নাত হতে এসেছে যেমন অচিরেই হাদীসে আসবে। (হাদীসটি মুরসাল)

ত্বীবী বলেন, উপঢৌকন ফেরত দেয়া সম্পর্কে নিষেধাজ্ঞার কারণ হলো- উপঢৌকন যখন অল্প হয় এবং তা যে কোনো উপকারকে শামিল করে তখন তোমরা তা ফেরত দিবে না, যাতে উপঢৌকনদাতা কষ্ট না পায়..... শেষ পর্যন্ত। এতে মানুষের উপঢৌকন গ্রহণের মাধ্যমে তাদের অন্তরসমূহ সংরক্ষণের ব্যাপারে ইঙ্গিত রয়েছে। বর্ণিত হয়েছে, তোমরা একে অপরকে উপঢৌকন দাও, পরস্পর একে অপরকে ভালোবাস। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 	বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68343

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন